



ভর্তি বিজ্ঞপ্তি  
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট  
স্নাতক (সম্মান/ইঞ্জি:) ১ম বর্ষ ১ম সেমিস্টার, ২০২০-২০২১  
Website: [admission.sust.edu](http://admission.sust.edu)

১। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত GST ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীরা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) এ আবেদন করতে পারবে। যে সকল ছাত্র-ছাত্রী GST পরীক্ষায় A ইউনিটে অংশগ্রহণ করেছে তারা শাবিপ্রবি'র A ও B উভয় ইউনিটে পৃথকভাবে আবেদন করতে পারবে এবং যারা GST পরীক্ষায় B ও C ইউনিটে অংশগ্রহণ করেছে তারা শাবিপ্রবিতে শুধুমাত্র B ইউনিটে আবেদন করতে পারবে।

২। পূর্বে প্রকাশিত ভর্তি নির্দেশিকার ৩নং অনুচ্ছেদে উল্লেখিত ভর্তির যোগ্যতা বিষয়ক শর্তাবলী প্রযোজ্য (Website: [admission.sust.edu](http://admission.sust.edu))।

৩। ইউনিট ভিত্তিক আবেদন

ক। GST ভর্তি পরীক্ষায় যারা ঐচ্ছিক বিষয় হিসেবে গণিত ও জীববিজ্ঞান বিষয়ে অংশগ্রহণ করেছে তারা শাবিপ্রবি'র A ও B ইউনিটের সকল বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ। GST ভর্তি পরীক্ষায় যারা ঐচ্ছিক বিষয় হিসেবে গণিত ও আইসিটি বিষয়ে অংশগ্রহণ করেছে তারা শাবিপ্রবি'র A ইউনিটের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (GEB) ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (BMB) ছাড়া সকল বিভাগে এবং B ইউনিটের সকল বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

গ। GST ভর্তি পরীক্ষায় যারা ঐচ্ছিক বিষয় হিসেবে জীববিজ্ঞান ও আইসিটি বিষয়ে অংশগ্রহণ করেছে তারা শাবিপ্রবি'র A ইউনিটের ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (FES), ভূগোল ও পরিবেশ (GEE), জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (GEB) ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (BMB) বিভাগে এবং B ইউনিটের অর্থনীতি (ECO) ছাড়া সকল বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৪। আগামী ২১-১১-২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ০৩-১২-২০২১ তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত [admission.sust.edu](http://admission.sust.edu) সাইটের মাধ্যমে আবেদন করা যাবে। আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছু GST পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীরা ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের ৩০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য একই সাথে আবেদন করতে পারবে।

৫। ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের পরীক্ষার তারিখ ১১-১২-২০২১, সময় সকাল ১১:০০ ঘটিকা।

৬। ভর্তির আবেদন ফি প্রতি ইউনিটে ৬৫০.০০ টাকা (ছয়শত পঞ্চাশ টাকা মাত্র)। ড্রয়িং এবং স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞান পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের অতিরিক্ত ৩৫০.০০ টাকা (তিনশত পঞ্চাশ টাকা মাত্র) ফি প্রদান করতে হবে।

৭। ভর্তি আবেদন প্রক্রিয়া ও অন্যান্য তথ্য প্রাপ্তির জন্য Website: [admission.sust.edu](http://admission.sust.edu) দেখা যেতে পারে।

প্রফেসর ড. মুশতাক আহমদ

সভাপতি, ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২০২১

ডিন, স্কুল অব এপ্রাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-৩১১৪।